দৈনিক বাংলা

095

তারিখ 29 MAR 1988

পৃষ্ঠা 5 কলাম 3

# ঢাকা ভার্সিটির ডিগ্রি পাস পরীক্ষা '৮৭

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৭ সালের ডিগ্রী (পাস) পরীক্ষা এক নজীরবিহীন পরিবেশের মধ্যে দীর্ঘ পাঁচ মাস ধরে অনুষ্ঠিত হয়েছে। অনেক বিষয়ের পরীক্ষা একাধিকবার স্থগিত হয়েছে। কোন দিন পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে গিয়ে জানতে পেরেছেন পরীক্ষা স্থগিত হয়েছে। এমনও হয়েছে কোথায় পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। কিন্তু মফস্বলের কেন্দ্রসমূহে পরীক্ষা নেয়া হয়েছে। কয়েকটি বিষয়ের পরীক্ষা ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রে দুইবার গ্রহণ করা হয়েছে। মফস্বলের পরীক্ষার্থিগণ ঢাকা এসে পরীক্ষা দিয়েছেন। এই ধরনের ঘটনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ইতিপূর্বে কোন দিন ঘটেনি।

পরীক্ষার সময় এমনিতেই পরীক্ষার্থীরা মানসিক দিক দিয়ে চাপের মধ্যে থাকেন, তার উপর বারবার পরীক্ষা স্থগিত রাখা, তারিখ ঘোষণায় বিলম্ব হওয়া ইত্যাদি কারণে পরীক্ষার্থীদের উপর তীব্র মানসিক চাপের সৃষ্টি করেছিল। এরূপ অনিশ্চয়তা ও মানসিক চাপের মধ্যে প্রস্তুতি অনুযায়ী পরীক্ষা সুষ্ঠুভাবে দেয়া আদৌ সম্ভব নয়; এটা সবাই স্বীকার করবেন। তাই ফলাফল প্রকাশের সময় এবারের ডিগ্রী পরীক্ষার বিশেষ পরিস্থিতির কথা সহৃদয়তার সাথে বিবেচনা করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করছি।

সুনাগরিক,
মীরপুর-১২, ঢাকা।